

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

بَابُ الْأُسَامِيْ

## আরবী

وَعَن ابنِ عبَّاسٍ قَالَ: كَانَتْ جُوَيْرِيَةُ اسْمُهَا بَرَّةُ فَحَوَّلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمُهَا جُوَيْرِيَةً وَكَانَ يَكْرَهُ أَنْ يُقَالَ: خَرَجَ مِنْ عِنْدِ برة. رَوَاهُ مُسلم

#### বাংলা

8৭৫৭-[৮] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিবি ''জুওয়াইরিয়াহ্''-এর নাম ছিল ''বাররাহ্''। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর নাম পরিবর্তন করে ''জুওয়াইরিয়াহ্'' রেখেছিলেন। এজন্য যে, কেউ বলবে, আপনি ''বাররাহ্'' কথাটি তিনি খারাপ মনে করতেন। (মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৬-(২১৪০), সিলসিলাতুস্ সহীহাহ্ ২১১, আল মুসতাদরাক ৬৭৮৩, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ ২৫৮৯৪, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ১৯৮১।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এ হাদীসের মধ্যে زينب নাম পরিবর্তন করে زينب (যায়নাব) রাখতে বলেন, কেননা কে ভালো বা মন্দ আল্লাহ অধিক ভালো অবগত রয়েছেন। মুসলিমের অন্য বর্ণনায় برة নামকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম جويرية (জুওয়াইরিয়াহ্) নামে পরিবর্তন করেন। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬১৯২; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২১৪২/১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন